

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৬, ২০১৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা

বিজ্ঞাপন

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং-৩৪৯-আইন/২০১৫।—বীমা আইন, ২০১০(২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ২০ এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা লাইফ ইন্সুরেন্স পুনঃবীমা (শর্তাদি নির্ধারণ) প্রবিধানমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) “পুনঃবীমা” অর্থ আইনের ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত পুনঃবীমা;

(ঘ) “বীমাকারী” অর্থ আইনের ধারা ২ এর দফা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা বা ব্যাখ্যা নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

(২২২৩)

মূল্য ৪ টাকা ৪.০০

৩। পুনঃবীমা শর্তাদি।—কোন বীমাকারীকে, আইনের ধারা ২০ এর অধীন, বীমা পলিসি গ্রহক ও উহার মধ্যে সম্পাদিত চুক্তি বা বীমা পলিসি হইতে উদ্ভূত লাইফ ইন্সুরেন্সের যে কোন দায় পুনঃবীমা করিবার ক্ষেত্রে যে সকল শর্তাদি প্রতিপালন করিতে হইবে তাহা নিম্নরূপ, যথা:—

(ক) পুনঃবীমাকারীর সহিত পুনঃবীমার লক্ষ্যে পুনঃবীমা সংক্রান্ত চুক্তি সম্পাদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশের অভ্যন্তরে পুনঃবীমা ব্যবসা পরিচালনায় ইচ্ছুক বীমাকারীর, উহার একচুয়ারি কর্তৃক প্রত্যায়িত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত, সুনির্দিষ্ট পলিসি থাকিতে হইবে:

আরও শর্ত থাকে যে, পুনঃবীমাকারীর, কোন আন্তর্জাতিক রেটিং এজেন্সির সম্পর্কায়ের রেটিং এজেন্সি কর্তৃক স্বীকৃত, অন্যুন B+ রেটিং থাকিতে হইবে;

(খ) পুনঃবীমা সংক্রান্ত চুক্তির একটি অনুলিপি চুক্তি স্বাক্ষরের অনধিক ১ (এক) মাসের মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, চুক্তি স্বাক্ষরের পর উহাতে কোন সংশোধন করা হইলে, যথাশীঘ্ৰ সম্ভব, উক্ত সংশোধনের বিষয়টি কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং সংশোধিত চুক্তির অনুলিপি কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে ;

(গ) পুনঃবীমা সংক্রান্ত চুক্তির সংশ্লিষ্ট পরিসংখ্যান বাংসরিক হিসাবের সহিত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, যাচিত পুনঃবীমা সংক্রান্ত যে কোন তথ্য কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং

(ঙ) সম্পদ ও দায়ের ভিত্তিতে নির্ণয়কৃত ধারণ ক্ষমতার ভিত্তিতে বাংলাদেশে অর্জিত সর্বাধিক প্রিমিয়াম সংরক্ষণ করিতে হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

এম শেফাক আহমেদ, একচুয়ারি
চেয়ারম্যান।

শেফাক আহমেদ চুক্তি গুরুত্বপূর্ণ নিয়ম এবং বিধি "ব্রেক" (ব্রেক)

ব্রেক বিধি প্রযোগ করে চুক্তি প্রক্রিয়া করা হচ্ছে।

শেফাক আহমেদ চুক্তি গুরুত্বপূর্ণ নিয়ম এবং বিধি "ব্রেক" (ব্রেক)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd